DESCO
POWER IS YOURS
২২/বি কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯, বাংলাদেশ।
ফোন-+৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩, ফ্যাক্স-+৮৮ ০২৮৯০০১০০
ই-মেইল: info@desco.org.bd, mddesco@desco.org.bd
ওয়েবসাইট: www.desco.gov.bd, www.desco.org.bd

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.১৮.০০৩.২২.১২০৬ তারিখ ঃ শ্রাবণ ১৬, ১৪২৯ July 31, 2022

**বিষয়ঃ ১৫ আগস্ট ২০২২ তারিখে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন উপলক্ষে ডেসকো'র কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ কাওসার আমীর আলী
ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো।
সভার তারিখ : ৩১/৭/২০২২ খ্রিঃ
সভার সময় : সকাল ১১: ০০ ঘটিকা
সভার উপস্থিতি : নির্বাহী পরিচালক মহোদয়গণ ও প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপকবৃন্দ, ডেসকো (পরিশিষ্ট-ক)।

সভার শুরুতেই সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে **'জাতীয় শোক দিবস ২০২২'** পালন উপলক্ষে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আন্তঃমন্ত্রণালয় সভায় জাতীয় কর্মসূচি চূড়ান্ত করা হয়েছে। এছাড়া ২৭ জুলাই ২০২২ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় **'জাতীয় শোক দিবস ২০২২'** উপলক্ষে বিদ্যুৎ বিভাগের কর্মসূচি চূড়ান্ত করা হয়েছে। যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে **'জাতীয় শোক দিবস ২০২২'** পালন উপলক্ষে গৃহীত জাতীয় কর্মসূচি এবং বিদ্যুৎ বিভাগের কর্মসূচির সাথে সমন্বয় রেখে ডেসকো'র কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সংশ্লিষ্ট তথ্য সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনাক্রমে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে **'জাতীয় শোক দিবস ২০২২'** পালন উপলক্ষে ডেসকো'র নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়-

| ক্রমিক | কার্যক্রম | বিবরণ | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার ডেসকো'র প্রধান কার্যালয়সহ সকল দপ্তর/বিভাগে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ | আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন উপলক্ষে ডেসকো'র প্রধান কার্যালয় ও আওতাধীন সকল দপ্তর/বিভাগে সঠিক নিয়মে, সঠিক রঙ ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। এক্ষেত্রে **"দি ফ্ল্যাগ রুলস ১৯৭২"** অনুসরণপূর্বক জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। | ▪ প্রশাসন বিভাগ<br>▪ ব্যবস্থাপক (নিরাপত্তা)<br>▪ নির্বাহী প্রকৌশলী (সকল বিওবি বিভাগ/ব্যবস্থাপক (সেন্ট্রাল স্টোর/সাবস্টোর) |
| ২ | ১৫ আগস্ট ২০২২ তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২ নং সড়কে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন | জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বিদ্যুৎ বিভাগের কর্মসূচির সঙ্গে সমন্বয় করে আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২ নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করতে হবে। | ▪ প্রশাসন বিভাগ<br>▪ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীবৃন্দ |
| ৩ | ডেসকো'র প্রধান কার্যালয়সহ সকল দপ্তরে ড্রপডাউন ব্যানার এবং স্ট্যান্ড ব্যানার স্থাপন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২২' উপলক্ষে ১ আগস্ট থেকে ডেসকো'র প্রধান কার্যালয়সহ সকল দপ্তরে জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানিয়ে ড্রপডাউন ব্যানার এবং স্ট্যান্ড ব্যানার স্থাপন করতে হবে। | ▪ ব্যবস্থাপক (এলএন্ডডজিএস) |
| ৪ | শোকের আবহ ধারণ করে কালো ব্যাজ ধারণ | জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আগামী ১ আগস্ট ২০২২ তারিখ থেকে মাসব্যাপী ডেসকো'র সকল কর্মকর্তা-কর্মচারীগণ কালো ব্যাজ ধারণ করবেন। | ▪ প্রশাসন বিভাগ<br>▪ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী |

DESCO
POWER IS YOURS
২২/বি কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯, বাংলাদেশ।
ফোন-+৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩, ফ্যাক্স-+৮৮ ০২৮৯০০১০০
ই-মেইল: info@desco.org.bd, mddesco@desco.org.bd
ওয়েবসাইট: www.desco.gov.bd, www.desco.org.bd

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.১৮.০০৩.২২ ৯২০৬ তারিখ ঃ শ্রাবণ ১৬, ১৪২৯
July 31, 2022

| ক্রমিক | কার্যক্রম | বিবরণ | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫ | দোয়া-মাহফিলের আয়োজন | ১৫ আগস্ট প্রত্যুষে জাতীয় পতাকা অর্ধনমিতকরণের পর সকল দপ্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টের সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিলের আয়োজন করা হবে।<br>১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় প্রধান কার্যালয় সংলগ্ন স্থানীয় ১টি মাদরাসায় পবিত্র কোরআন খতম এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টের সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়ার আয়োজন করা হবে। | ▪ প্রশাসন বিভাগ<br>▪ নির্বাহী প্রকৌশলী (সকল বিওবি বিভাগ) |
| ৬ | আলোচনা সভা আয়োজন | জাতীয় শোক দিবস পালন উপলক্ষে ১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় ডেসকো'র প্রধান কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। বিক্রয় ও বিতরণ বিভাগসহ সকল দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ ভার্চুয়াল মাধ্যমে উক্ত আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করবেন। | ▪ প্রশাসন বিভাগ |
| ৭ | অসহায় ও দুঃস্থদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ | আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন উপলক্ষে ডেসকো'র আওতাধীন এলাকায় অসহায় ও দুঃস্থদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হবে। | ▪ প্রশাসন বিভাগ |
| ৮ | ওয়েবসাইট/ফেইসবুক পেইজে শোকাবহ মুভমেন্ট পোর্টাল স্থাপন | জাতীয় শোক দিবস উপলক্ষে ডেসকো'র ওয়েবসাইট/ফেইসবুক পেইজে শোকাবহ মুভমেন্ট পোর্টাল স্থাপন করা হবে। | ▪ প্রধান প্রকৌশলী (আইসিটি)<br>▪ প্রকৌঃ ইসমাইল বিন ইব্রাহিম, এসডিই (জিএসপিএন্ডইএ) অ্যাডমিন, ডেসকো ফেইসবুক পেজ |
| ৯ | বিশেষ ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে জাতির পিতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে ডেসকো'র পক্ষ হতে পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হবে। | ▪ প্রশাসন বিভাগ<br>▪ ব্যবস্থাপক (এলএন্ডজিএস) |
| ১০ | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | জাতীয় শোক দিবসের কর্মসূচি সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে যে সেকল স্থানে অনুষ্ঠান হবে সে সকল স্থানসহ ডেসকো'র আওতাধীন এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ লক্ষ্যে পৃথক অফিস আদেশ জারি করা হবে। | ▪ প্রশাসন বিভাগ<br>▪ অপারেশন বিভাগ |
| ১১ | সকল কর্মকর্তা/কর্মচারী স্ব-স্ব কর্মস্থলে অবস্থান | জাতীয় শোক দিবসে ডেসকো'র সকল কর্মকর্তা-কর্মচারীগণ স্ব স্ব কর্মস্থলে অবস্থান করবেন। এ বিষয়ে পৃথক অফিস আদেশ জারি করা হবে। | ▪ প্রশাসন বিভাগ |

DESCO
POWER IS YOURS
২২/বি কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯, বাংলাদেশ।
ফোন-+৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩, ফ্যাক্স-+৮৮ ০২৮৯০০১০০
ই-মেইল: info@desco.org.bd, mddesco@desco.org.bd
ওয়েবসাইট: www.desco.gov.bd, www.desco.org.bd

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.১৮.০০৩.২২. ২২০৬ তারিখ ঃ শ্রাবণ ১৬, ১৪২৯ / July 31, 2022

| ক্রমিক | কার্যক্রম | বিবরণ | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১২ | বঙ্গবন্ধু কর্নারে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক গ্রন্থসমূহ সংগ্রহ এবং প্রদর্শন | জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষে ডেসকো'র প্রধান কার্যালয়সহ সকল বিওবি বিভাগে স্থাপিত বঙ্গবন্ধু কর্নার পরিষ্কার-পরিচ্ছন্ন করাসহ সৌন্দর্যবর্ধনের ব্যবস্থা গ্রহণ করা হবে। বঙ্গবন্ধু কর্নারে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়াচীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থসহ বঙ্গবন্ধুকে নিয়ে লিখিত গ্রন্থসমূহ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ▪ সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ১৩ | প্রস্তুতিমূলক ও ফলো-আপ সভার আয়োজন | যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন উপলক্ষে জুলাই মাসে একটি প্রস্তুতিমূলক সভা আয়োজনের অংশ হিসেবে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। আগস্ট ২০২২ মাসের প্রথম সপ্তাহে একটি ফলোআপ সভার আয়োজন করা হবে। | ▪ প্রশাসন বিভাগ |
| ১৪ | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্য বিধি অনুসরণ | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | ▪ সকল বিভাগ ও দপ্তর |

০৩। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

৩১/৭/২২

মোঃ কাওসার আমীর আলী
ব্যবস্থাপনা পরিচালক

**অনুলিপিঃ**

**অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)**

১। নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর/অর্থ ও হিসাব/প্রকৌশল/অপারেশন/সংগ্রহ), ডেসকো।
২। প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (নর্থ/সেন্ট্রাল/সাউথ জোন)/ডিএন্ডপি/পি এন্ড ডি/নেটওয়ার্ক অপারেশন/ পিএমপিএন্ডএসএম/আইসিটি/মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/প্রকল্প পরিচালক (স্ক্যাডা/গুলশান ভূগর্ভস্থ গ্রিড উপকেন্দ্র নির্মাণ/প্রধান কার্যালয় ভবন নির্মাণ)।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পি এন্ড ডি/ডিএন্ডএমডব্লিউ/এমপিএন্ডএস/নেটওয়ার্ক এন্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটর /এমআইএস এন্ড সফটওয়্যার /এসএন্ডডি অপারেশন (টঙ্গী/উত্তরা/দক্ষিণখান/বারিধারা/গুলশান/পল্লবী/ আগারগাঁও/রূপনগর সার্কেল)/ পিআইএন্ডটি/ জিএসপিএন্ডইএ/এমভিএসএসএম/প্রকল্প পরিচালক (স্মার্ট প্রি-পেমেন্ট মিটার/ ইউজি ক্যাবল)/কোম্পানি সচিব/ উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন/ এইচআরএম/অর্থ/হিসাব/অভ্যন্তরীণ নিরীক্ষা)।
৪। নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (টঙ্গী (পূর্ব)/ টঙ্গী (সেন্ট্রাল)/ টঙ্গী (পশ্চিম)/ উত্তরা (পূর্ব)/ উত্তরা (পশ্চিম)/তুরাগ/উত্তরখান/দক্ষিণখান/শাহ্‌কবির/বারিধারা/বসুন্ধরা/খিলক্ষেত/বাড্ডা/গুলশান/জোয়ারসাহারা/ পল্লবী/কাফরুল/ইব্রাহীমপুর/আগারগাঁও/মণিপুর/কল্যাণপুর/শাহআলী/রূপনগর/ইস্টার্ন হাউজিং)/মনিটরিং সেল/সেন্ট্রাল স্টোর/মিটার ওয়ার্কশপ/টিএন্ডআর/টিএন্ডডি/স্টাফ অফিসার টু এমডি/ব্যবস্থাপক (এলএন্ডজিএস/ইএন্ডএলএ/সাব-স্টোর/নিরাপত্তা)।
৫। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো।
৬। অফিস কপি, ডেসকো।